# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) সমগ্র দেশে উপজাতি শিশুদের গুণগত শিক্ষা প্রদানের উদ্দেশ্যে ৪৪০ টি একলব্য আদর্শ বিদ্যালয় আবাসিক বিদ্যালয় স্থাপিত/

(২) আগামী ২০৩০ সালের মধ্যে রাজ্যে ২৫টি মেডিকেল কলেজ কর্মক্ষম হয়ে উঠবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য/

এবং

(৩) শ্রীভূমি জেলার রাতাবাড়ি বিধানসভা আসনের বিজেপি বিধায়ক বিজয় মালাকারের নাগরিকত্ব নিয়ে গৌহাটি হাইকোর্টে মামলা দায়ের/ নগাঁও জেলার পনেরোজনকে বিদেশী ন্যায়াধিকরণের বিদেশী বলে ঘোষণা/

------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে উপজাতি শিশুদের গুণগত শিক্ষা প্রদানের জন্য ৪৪০টি একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয় স্থাপন করা হবে । লোকসভায় প্রশ্নোত্তর কালে এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় উপজাতি পরিক্রমা মন্ত্রী জুয়েল ওরাং একথা জানিয়ে আরো বলেন যে- সরকার ৭২৮টি একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয় স্থাপনের বিষয়ে অনুমোদন জানিয়েছে । সরকার উপজাতি লোকেদের জন্য বেশকিছু কল্যাণমূলক কার্যসুচি আরম্ভ করেছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে- ৬৩ হাজার উপজাতি গ্রামের উন্নয়নের জন্য আশি হাজার কোটিরও বেশি টাকা ব্যয়সাপেক্ষে সরকার ‘ধরতি আবাস উপজাতি গ্রামীণ উৎকর্ষ অভিযান’ আরম্ভ করেছে । এছাড়া বিশেষভাবে পিছিয়ে পড়া উপজাতি গোষ্ঠীসমূহের উন্নয়নে প্রধানমন্ত্রী জন মন প্রকল্প চালু করা হয়েছে বলেও শ্রী ওরাং জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে ২০৩০ সালের মধ্যে আসামে ২৫ টি মেডিক্যাল কলেজ কর্মক্ষম হয়ে উঠবে এবং এর মাধ্যমে বহু অস্থিরোগ চিকিৎসক সৃষ্টি হবে । আজ গুয়াহাটীর সরুসজাই ক্রীড়া প্রকল্পে আয়োজিত ভারতীয় অস্থিরোগ চিকিৎসা সংস্থার বার্ষিক সম্মেলনে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী একথা জানান । মুখ্যমন্ত্রী বলেন যে আসামে ইতিমধ্যে ১৫ টি মেডিক্যাল কলেজ কর্মক্ষম রয়েছে এবং ১০ টি মেডিক্যাল কলেজের নির্মাণ কার্য বিভিন্ন পর্যায়ে রয়েছে । আসামে ক্যান্সারের চিকিৎসা প্রদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলে উল্লেখ করে তিনি বলেন যে টাটা ট্রাস্টের সহায়তায় রাজ্য সরকার ইতিমধ্যে সমগ্র আসামে ১৭ টি ক্যান্সার হাসপাতাল স্থাপন করেছে । গুয়াহাটীতে একটি অত্যাধুনিক ক্যান্সার হাসপাতাল নির্মাণ করা সহ জেলা এবং আঞ্চলিক পর্যায়ে ক্যান্সার হাসপাতাল গড়ে তোলা হয়েছে বলে তিনি জানান । দেশের মধ্যে প্রথম রাজ্য হিসেবে আসাম ক্যান্সার রোগের চিকিৎসায় প্রটন থেরাপি যন্ত্র স্থাপন করার পথে অগ্রসর হচ্ছে বলে তিনি জানান । অনুষ্ঠানে ভারতীয় অস্থিরোগ চিকিৎসক সংস্থার সভাপতি ডাঃ অজিত সিন্দে সহ সংস্থার আধিকারীক কর্মচারী তথা বিভিন্ন রাজ্য থেকে আসা প্রতিনিধিরা অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী নীতিন গাডকারি দেশে সড়ক দুর্ঘটনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন । এবং সংসদের সদস্যদের তাদের নিজ নিজ সংসদীয় এলাকায় এই সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার আহ্বান জানিয়েছেন । লোকসভায় আজ এক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী গাডকারি বলেন যে- দেশে বছরে পাঁচ লক্ষ সড়ক দুর্ঘটনা সংগটিত হয় এবং এসব দুর্ঘটনায় প্রায় এক লক্ষ ৮০ হাজার লোকের মৃত্যু হয় । তিনি বলেন যে- দুর্ঘটনায় মৃত্যু হওয়া ৬৬ শতাংশ লোকই ১৮ থেকে ৩৪ বছর বয়সসীমার মধ্যের । সড়ক দুর্ঘটনা হ্রাস করার জন্য সরকার ৪০ হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষে বিশেষ প্রকল্প রূপায়ণ করেছে এবং প্রায় সাত হাজার দুর্ঘটনা প্রবণ এলাকা মেরামত করা হয়েছে বলে শ্রী গাডকারি জানিয়েছেন । তিনি আরো বলেন যে- চলতি বছরের শুরুতে আরম্ভ করা ‘রাহ্-বীর প্রকল্প’এর অধীনে দুর্ঘটনাগ্রস্ত লোকেদের শীঘ্র হাসপাতালে নিয়ে যাওয়া লোকেদের ‘রাহ্-বীর’ সম্মান প্রদান করা হয় । এবং একইসঙ্গে তাদেরকে নগদ ২৫ হাজার টাকা প্রদান করা হয় । দুর্ঘটনাগ্রস্ত লোকেদের সহায়তার জন্য উন্নত অ্যাম্বুলেন্স সেবা প্রদান সম্পর্কে শ্রী গাডকারি বলেন যে- রাজ্যগুলির সঙ্গে চুক্তির মাধ্যমে দুর্ঘটনাস্থলীতে দশ মিনিটের মধ্যে পৌঁছে যাওয়ার মতো আধুনিক অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

ভারত ২০২৯ সালের মধ্যে নিজেদের প্রতিরক্ষা উৎপাদন দ্বিগুণ করে তা বাড়িয়ে তিন লক্ষ কোটি টাকা করার লক্ষ্য নির্ধারণ করেছে । নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া একথা জানিয়ে বলেছেন যে- ইতিমধ্যে প্রতিরক্ষা উৎপাদনে ভারতের উল্লেখযোগ্য বিকাশ ঘটেছে এবং সম্প্রতি এই উৎপাদন বেড়ে এক লক্ষ ৫০ হাজার কোটি হয়েছে । অনুরূপভাবে আগামী চার বছরে প্রতিরক্ষা রপ্তানি দ্বিগুণ বৃদ্ধি পেয়ে ২৫ হাজার কোটি টাকা থেকে ৫০ হাজার কোটি টাকায় দাঁড়াবে বলে ডঃ মান্ডভিয়া প্রকাশ করেন । বিশ্ব পর্যায়ে প্রতিরক্ষা সংক্রান্ত নেতৃত্ব প্রদানে তা গুরুত্বপূর্ণ রাষ্ট্র হিসেবে ভারতের ভূমিকাকে শক্তিশালী করবে বলেও তিনি উল্লেখ করেন।

--------------------------------------------------------------------------------

অ্যামনেস্টি ইন্টারন্যাশনেল'এর মুখ্য উপদেষ্টা, প্রফেসর মহম্মদ ইউনুস নেতৃত্বাধীন বাংলাদেশের অর্ন্তবর্তীকালীন সরকারকে সেদেশে মনের ভাব প্রকাশের স্বাধীনতা সুনিশ্চিত করার পাশাপাশি এইমাসে সন্ত্রাসবাদ প্রতিরোধী আইনের অধীনে গ্রেপ্তার করা সাংবাদিক আনিস আলমগীরকে তাৎক্ষণিকভাবে মুক্ত করে দেবার আহ্বান জানিয়েছেন । অ্যামনেস্টি ইন্টারন্যাশনেল'এর আঞ্চলিক গবেষক রিহাব মহশুর জানিয়েছেন যে- সামাজিক মাধ্যম এবং মূলস্রোতের সংবাদ প্ল্যাটফর্মগুলির মাধ্যমে আওয়ামি লিগকে সমর্থন করার অভিযোগে আলমগীরকে গ্রেপ্তার করা হয়েছে । সংস্থা অর্ন্তবর্তীকালীন সরকারকে অসামরিক এবং রাজনৈতিক অধিকার সম্পর্কিত আর্ন্তজাতিক চুক্তির অধীনে নিজেদের দায়িত্ব পালন করতে বলেছে ।

--------------------------------------------------------------------------------

ভারত বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে সম্প্রতি সৃষ্টি হওয়া উদ্বেগজনক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে আসামের বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চলগুলোতে বিশেষ সতর্কতা জারি করা হয়েছে ।এধরণের পরিস্থিতির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার গতকাল দিল্লীতে থাকা বাংলাদেশের রাষ্ট্রদূত রিয়াজ হামিদুল্লাকে আলোচনার জন্য তলব করে । এদিকে কেন্দ্রীয় সরকার বাংলাদেশে থাকা ভারতীয় ভিসা কার্যালয় অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করার কথাও ঘোষণা করেছে । গতকাল বাংলাদেশে থাকা ভারতীয় দূতাবাসের সামনে একাংশ প্রতিবাদকারী ব্যাপক প্রতিবাদ সাব্যস্ত করার পরিপ্রেক্ষিতে ভারতীয় রাষ্ট্রদূতের নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে ।উল্লেখ্য বাংলাদেশে এক প্রতিবাদী সভায় একজন রাজনৈতিক নেতা ভারতের উত্তরপূর্বাঞ্চলকে বিচ্ছিন্ন করার হুমকি দেওয়ার পর কেন্দ্রীয় সরকার ভারতের নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে এই কূটনৈতিক পদক্ষেপ গ্রহণ

করে । কেন্দ্রীয় সরকার বাংলাদেশে ভারত বিরোধী কার্যকলাপের নীরব দর্শক হয়ে থাকবেনা বলেও স্পষ্ট করে দিয়েছে ।
এদিকে কাছাড় জেলা প্রশাসন জনসাধারণের সুরক্ষা এব্য আইন শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখার উদ্দেশ্যে জেলার ভারত বাংলাদেশ সীমান্ত অঞ্চলে তাৎক্ষণিকভাবে কার্যকরী হওয়া বেশ কিছু নিষেধাজ্ঞা জারি করেছে ।জেলা আয়ুক্ত মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারার অধীনে এই নির্দেশ জারি করেছেন । এই নির্দেশ অনিযায়ি সীমান্তের ১ কিলোমিটার এলাকায় সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত জনসাধারণের যাতায়াত , জলপথে নৌকা চলাচল , মাছধরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । সীমান্তের ৫ কিলোমিটার এলাকায় সন্ধ্যার পর কেউ চিনি , চাল ,গম , ভোজ্যতেল ,সহ অত্যাবশ্যকীয় সামগ্রী পরিবহণ করতে পারবেননা । তবে সরকারী কাজে নিয়োজিত কর্মচারীদের এই নিষেধাজ্ঞার আওতার বাইরে রাখা হয়েছে

---

শ্রীভূমি জেলার রাতাবাড়ি বিধানসভা আসনের বিজেপি বিধায়ক বিজয় মালাকারের নাগরিকত্ব নিয়ে গৌহাটি হাইকোর্টে এক মামলা দায়ের করা হয়েছে । এই মামলার শুনানি গ্রহণ করে গৌহাটি হাইকোর্ট আজ সমগ্র বিষয়টির উত্তর দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার। রাজ্যসরকার, দেশের নির্বাচন কমিশন এবং বিধায়ক বিজয় মালাকারকে বিজ্ঞপ্তি জারি করেছে । উল্লেখ্য- বিধায়ক শ্রী মালাকার ভারতীয় নাগরিক নন বলে শ্রীভূমির দুজন স্থানীয় লোক ওই জেলার আয়ুক্ত, সীমান্ত শাখার পুলিশ সুপার এবং নির্বাচন কমিশনের কাছে অভিযোগ দাখিল করেছিলেন । কিন্তু লিখিত অভিযোগ দাখিলের পরও কোনো ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগ করে ওই দুই ব্যক্তি বিজয় মালাকারের নাগরিকত্ব নিয়ে প্রশ্ন উত্থাপন করে হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন ।

---

নগাঁও জেলার পনেরোজনকে বিদেশী ন্যায়াধিকরণ বিদেশী বলে ঘোষণা করেছে । এর পরিপ্রেক্ষিতে নগাঁওয়ের জেলা আয়ুক্ত দেবাশিস শর্মা এক নির্দেশে ওই পনেরোজন ব্যক্তিকে ২৪ ঘন্টার মধ্যে দেশ ছেড়ে যাওয়ার বিজ্ঞপ্তি জারি করেছেন । এই নির্দেশ অনুসারে নগাঁও জেলার সামগুড়ির ছ’জন, চাপারমুখের একজন, ধিঙ’এর একজন, নগাঁও শহরের একজন, জুরীয়ার একজন, রূপসীহাটের দুজন, জাজরি’র একজন, কলিয়াবরের দুজন রয়েছেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং সীমান্ত সুরক্ষা বাহিনী , বি এস এফ , স্বেচ্ছাসেবী সংস্থা পাটকাই ট্রেকার্স ও বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি

সম্মেলনের সহযোগীতায় আজ  সিপাহী বিদ্রোহের স্মৃতি বিজড়িত মালেগড় টিলায় শহীদ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকাল ১০টায় মালেগড় টিলার ২৬ বীর শহীদের শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পন , ১৬৪টি প্রদীপ প্রজ্বোলন এবং বি এস এফ জওয়ানদের পক্ষ থেকে গার্ড অফ অনার প্রদর্শন করা হয় । এরপর সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে দেশাত্মবোধক সঙ্গীত, নৃত্য পরিবেশন , সর্ব ধর্ম প্রার্থনা সভা এবং  সিপাহী বিদ্রোহের ইতিহাস ও এর প্রেক্ষাপটে মালেগড় টিলার ইতিহাস নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় লোকসেবা আয়োগের অধীন অভিযন্তা সেবা পরীক্ষা-২০২৫ এ সর্ব ভারতীয় ক্ষেত্রে শিলচরের বিকাশ যাদব ২৫তম স্থান দখল করেছেন । শ্রীযাদব এর আগে ২০২০ সালে লোকসেবা আয়োগের সর্ব ভারতীয় পরীক্ষায় ৩৯তম স্থান দখল করে কেন্দ্রীয় জল আয়োগের নতুন দিল্লীতে আধিকারীক পদে যোগ দেন  ।

------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে সুরক্ষিত শৈশব-সোনালি অসম শীর্ষক  ৯০ দিনের জেলাব্যাপী অভিযান আজ থেকে শিলচরে শুরু হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই অভিযানের সূচনা করে জেলা জুড়ে শিশুদের সুরক্ষা সুনিশ্চিত করা এবং প্রাতিষ্ঠানিক ও কমিউনিটি স্তরে নজরদারী আরো জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন । এ বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীযাদব বলেন যে শিশুদের সুরক্ষা আপোসহীন এবং অভিযান চলাকালীন সময়ে সব বিভাগকে সজাগ, সংবেদনশীল ও জবাবদিহিমূলক থাকার আহ্বান জানিয়েছেন । শিশুশ্রম , বাল্য বিবাহ  এবং নির্যাতন সহ শিশুর অধিকার লংঘনের কোন ঘটনা , কারো নজরে পড়লে , অবিলম্বে শিশু সুরক্ষা আধিকারীক বা চাইল্ড হেল্প লাইন ১০৯৮ নম্বরে যোগাযোগ করতে জেলা আয়ুক্ত আহ্বান জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------